



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
 দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
 পল্লী ভবন (৭ম তলা)
 ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

ফোন:
 ৮১৮০১৪৪
 ফ্যাক্স:
 ৮১৮৯০২৯

নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২৬১.১৩-১১৯৫


তারিখ: ০৬/১১/২০১৩ খ্রি:।

বরাবর,
 মোছাঃ ফারজানা আক্তার
 মাঠ সংগঠক (ইরেসপো)
 পিতা- মোঃ আসাদুজ্জামান হাওলাদার
 গ্রামঃ বেতকা, পোঃ হোগলা,
 উপজেলা : কাউখালী, জেলা : পিরোজপুর।

বিষয়ঃ চাকুরী হতে অব্যাহতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পের স্মারক নং ৪৯৭, তারিখ ২৮/০৩/১৩ খ্রিঃ মূলে অত্র প্রকল্পের মাঠ সংগঠক পদে চুক্তিভিত্তিক নিয়োগদানের প্রেক্ষিতে আপনি বিগত ১০/০৪/২০১৩ খ্রিঃ তারিখে চাকুরীতে যোগদান করেন। আপনি বিগত ৩১/০৭/১৩ খ্রিঃ পর্যন্ত কর্মরত ছিলেন এবং ০১/০৮/১৩ খ্রিঃ থেকে অননুমোদিত ভাবে অনুপস্থিত আছেন।

- ২। এ সময়ের মধ্যে পিরোজপুর সদর দপ্তর থেকে স্মারক নং-৫৮৬, তাং- ১৩/০৮/১৩ খ্রিঃ মূলে প্রেরিত পত্রের কোন জবাব প্রদান করেননি।
- ৩। আপনার কর্মস্থল হতে আপনার ব্যক্তিগত মোবাইল ফোনে যোগাযোগ করেও আপনাকে পাওয়া যায়নি।
- ৪। প্রকল্প সদর দপ্তর হতে স্মারক নং- ১১২৯, তাং ২৫/০৯/১৩ খ্রিঃ মূলে আপনাকে রেজিঃ ডাকযোগে কারন দর্শানো নোটিশ প্রদান করা হয়, আপনি এ নোটিশেরও কোন জবাব প্রদান করেননি।
- ৫। আপনার উপরোল্লিখিত আচরণসমূহ অফিস শৃঙ্খলার পরিপন্থী যা শাস্তি যোগ্য অপরাধ বিধায় প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগপত্র স্মারক নং ৪৯৭, তারিখ ২৮/০৩/১৩ খ্রিঃ বাতিলপূর্বক অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/০৮/২০১৩ খ্রিঃ হতে আপনাকে “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পের মাঠ সংগঠক পদের চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হলো।
- ৬। চাকুরীকালীন সময়ে কর্মস্থলে আপনার নিকট কোন দায়দেনা থাকলে তা বুঝিয়ে দেয়ার জন্য বলা হলো, অন্যথায় আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
- ৭। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারী করা হলো।



প্রকৌশলী মোঃ রাশেদুল আলম
 প্রকল্প পরিচালক (ইরেসপো)
 বিআরডিবি, ঢাকা।

ফোন নং-০২-৮১৮০১৪৪

অনুলিপিঃ

- ১। উপপরিচালক, বিআরডিবি পিরোজপুর জেলা দপ্তর।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৩। অফিস/ব্যক্তিগত নথি।